

অধ্যায়:ঘাসফুল
জ্যোতিরিন্দ্র মৈত্র

কবিতাটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- *ঘাসফুলের সৌন্দর্যের বর্ণনা
- *ঘাসফুলের আনন্দিত জীবনের কথা
- *ঘাসফুলের জীবন দেখে নিজেদের জীবনকে উপভোগের ধারণা
- *গাছের ফুল না ছেঁড়ার গুরুত্ব

কবিতাটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

ঘাসফুল কবিতায় ঘাসফুলের মনের কথা প্রকাশ পেয়েছে। ঘাসফুল অত্যন্ত ছোট এবং সুন্দর। তারা পৃথিবীতে আনন্দ ছড়িয়ে দেয়। মানুষ যেন ঘাসফুলকে পায় দলে নষ্ট না করে কিংবা না ছিঁড়ে এ জন্য তারা অনুরোধ করেছে। কারণ ফুল ছিঁড়লে সৌন্দর্য নষ্ট হয়ে যায়। তা ছাড়া ফুলেরও প্রাণ আছে। তাই ফুল ছিঁড়ে নেওয়া অত্যন্ত অন্যায়।

কবিতাটি সম্পূর্ণ মুখস্থ করবে:

*পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :

১. ঘাসফুল দেখতে কেমন?
২. ঘাসফুল কোথায় মাথা দোলায়?
৩. ঘাসফুলের নরম পাতা কী অনুরোধ করছে?
৪. ঘাসফুল কী দেখে আনন্দিত হতে বলেছে?
৫. ঘাসফুল কেমন করে হেসে উঠে?
৬. ধরার বুকে কী ঘাস হয়ে ফুটে?
৭. ঘাসফুল কী কী রঙের হাসির কথা বলা হয়েছে?
৮. ঘাসফুল কোথা থেকে বাঁশির সুর শোনে?
৯. ঘাসফুল কখন ফোটে?

যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:

জ্য, ন্দ্র, স্ন, র্য

কবিতাটির মূলভাব পড়বে:(আমার বাংলা বইয়ের ৭৪ পৃষ্ঠায় আছে)